তারিখ 21 DEC 2017
পৃষ্ঠা ২৫ কলাম ৫

দৈনিক আমাদের সময়

### অনুমোদনহীন মেডিক্যালে শিক্ষার্থী ভর্তি চলছেই

# দায় নেবে না মন্ত্রণালয়

দুলাল হোসেন ●

দেশের সরকারি ও বেসরকারি মেডিক্যাল কলেজে ভর্তি কার্যক্রম শেষ হলেও ডেন্টাল কলেজে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তি এখনো চলছে। তবে সময়সীমা শেষ হওয়ার পরও কিছু মেডিক্যাল কলেজ এখনো শিক্ষার্থী ভর্তি অব্যাহত রেখেছে। আবার শিক্ষার্থী ভর্তি করা হচ্ছে সরকারের অনুমোদন নেই এমন ডেন্টাল কলেজে। সরকারি আদেশ অমান্য করায় ক্ষুব্ধ স্বাস্থ্য অধিদপ্তরের কর্মকর্তারা। তারা জানিয়েছেন, সরকারি নির্দেশনা অমান্য করে এবং অনুমোদনহীন যেসব চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠান ছাত্রছাত্রী ভর্তি করছে, সেসব প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। এ ছাড়া অনুমোদনহীন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়া শিক্ষার্থীরা ভবিষ্যতে নানাবিধ সমস্যার সম্মুখীন হবেন, তাদের কোনো দায়দায়িত্ব নেবে না স্বাস্থ্য মন্ত্রণালয় ও স্বাস্থ্য অধিদপ্তর।

স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন) অধ্যাপক ডা. মো. আবদুর রশীদ বলেন, বেসরকারি মেডিক্যাল কলেজ স্থাপন ও পরিচালনা নীতিমালা-২০১১-এর শর্ত পূরণ করতে না পারায় কয়েকটি চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রছাত্রী ভর্তি স্থগিত করেছে স্বাস্থ্য মন্ত্রণালয়। কিন্তু স্বাস্থ্য মন্ত্রণালয়ের স্থগিতাদেশ অমান্য করে কিছু প্রতিষ্ঠান ছাত্রছাত্রী ভর্তি করছে। যারা এই অনিয়মের সঙ্গে জড়িত তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। স্বাস্থ্য মন্ত্রণালয়ের স্থগিত করা প্রতিষ্ঠানে যারা ভর্তি হবে, তারা ভবিষ্যতে সমস্যায় পড়বে। আমরা স্থগিত প্রতিষ্ঠানগুলোতে কেউ যেন ভর্তি না হয়, সে বিষয়ে পরামর্শ দিয়েছি। কারণ এর কোনো দায়দায়িত্ব স্বাস্থ্য মন্ত্রণালয় ও স্বাস্থ্য অধিদপ্তরের থাকবে না।

প্রাপ্ত তথ্যানুযায়ী, দেশে ৩১টি সরকারি এবং ৬৯টি বেসরকারি– মোট ১০০টি মেডিক্যাল কলেজ রয়েছে। এ ছাড়া ৯টি সরকারি এবং ২৪টি বেসরকারি– মোট ৩৩টি ডেন্টাল কলেজ রয়েছে। এর মধ্যে বেসরকারি মেডিক্যাল কলেজ স্থাপন ও পরিচালনা নীতিমালা-২০১১-এর শর্ত পূরণ করতে না পারায় এরপর পৃষ্ঠা ২, কলাম ৬

## দায় নেবে না মন্ত্রণালয়

(শেষ পৃষ্ঠার পর) কয়েকটি চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানকে ছাত্রছাত্রী ভর্তি করার অনুমোদন দেয়নি সরকার। অথচ সরকারের অনুমোদন ছাড়াই চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ছাত্রছাত্রী ভর্তি করা হচ্ছে। সরকারের বেঁধে দেওয়া সময়সীমা অনুযায়ী ১০ ডিসেম্বরের মধ্যে ছাত্রছাত্রী ভর্তি সম্পন্ন করার নির্দেশনা জারি করা হলেও এখনো কিছু মেডিক্যাল কলেজ ভর্তি কার্যক্রম অব্যাহত রেখেছে এবং গণমাধ্যমে ছাত্রছাত্রী ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করছে। বিষয়টি জানার পর ক্ষুব্ধ হয়েছেন স্বাস্থ্য অধিদপ্তরের কর্মকর্তারা। এর পরই অনুমোদনহীন কলেজগুলোতে এবং সময়সীমার পর ছাত্রছাত্রী ভর্তি বন্ধ রাখতে নির্দেশনা জারি করা হয়। একই সঙ্গে শিক্ষার্থীদের অনুমোদনহীন মেডিক্যাল কলেজ ও ডেন্টাল কলেজে ভর্তি থেকে বিরত থাকার পরামর্শ দেওয়া হয়।